# বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)

মিরপুর সেনানিবাস, ঢাকা

২৩.০১.৯০২.৮৫৮.০৯.৭৮৬.৬১/১০/২০২৪

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩১
১৩ মে ২০২৪

## ২০২৪ সালের বিএ (পাস) এবং বিএসএস (পাস) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

**(২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১, ২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২৪ শিক্ষাবর্ষের সকল প্রকার শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)**

১। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের বিএ (পাস) এবং বিএসএস (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ আগামী ১৫ মে ২০২৪ তারিখে শুরু হয়ে ২০ জুন ২০২৪ তারিখ, ২৩৫৯ ঘটিকা পর্যন্ত চলমান থাকবে। ফরম পূরণের জন্য বিইউপি ওয়েবসাইট **(www.bup.edu.bd)** এ **'BA & BSS Apply To Online Form Fill-Up'** ট্যাবে ক্লিক করে User ID (নিজের রেজিস্ট্রেশন নম্বর) ও নিজস্ব Password (পাসওয়ার্ড/রোল নম্বর) দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে পূরণকৃত আবেদন ফরমটি প্রিন্ট করে সমুদয় ফি বাবদ টাকাসহ স্ব-স্ব পরীক্ষাকেন্দ্র অথবা প্রযোজ্য ক্ষেত্রে বিএ/বিএসএস অফিস, বিইউপিতে জমা দিতে হবে। পরীক্ষাকেন্দ্রসমূহ এবং বিএ/বিএসএস অফিস কর্তৃক গ্রহণকৃত সমুদয় ফিসের টাকা **'বিইউপি জেনারেল ফান্ড, ট্রাস্ট ব্যাংক লি. মিরপুর, ঢাকা' এর অনুকূলে পে-অর্ডার** করতে হবে। পরীক্ষাকেন্দ্রসমূহ এবং বিএ/বিএসএস অফিস বিইউপি, পরীক্ষার্থীদের নামীয় তালিকা (পরীক্ষার্থীর নাম, রোল, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় সংখ্যা, মোট টাকা ইত্যাদি), আবেদন ফরম এবং সংশ্লিষ্ট পে-অর্ডারসমূহ আগামী ১১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে বিইউপি, পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে জমা করবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে।

২। ফরম পূরণ সংক্রান্ত কোনো জটিলতা দেখা দিলে Log In করার পর Help এ গিয়ে 'Student Form Fill Up Manual' দেখতে হবে, অথবা Feedback এ সমস্যাটি লিখতে হবে, অথবা স্ব-স্ব পরীক্ষাকেন্দ্রে যোগাযোগ করতে হবে, কিংবা বিইউপি Help Line No: 09666790799 Extension 2122 এ যোগাযোগ করা যেতে পারে।

## পরীক্ষা ও অন্যান্য ফি'র হার

৩। **পরীক্ষার ফি।**

ক। ২০২৩-২৪ শিক্ষাবর্ষ (প্রথম বর্ষের জন্য) - প্রতি ক্রেডিট ২২০/- টাকা হারে ২৮ ক্রেডিট - ৬,১৬০/- টাকা।

খ। ২০২২-২৩ শিক্ষাবর্ষ (দ্বিতীয় বর্ষের জন্য) - প্রতি ক্রেডিট ২২০/- টাকা হারে ২৮ ক্রেডিট - ৬,১৬০/- টাকা।

গ। ২০২১-২২ শিক্ষাবর্ষ (তৃতীয় বর্ষের জন্য) - প্রতি ক্রেডিট ২২০/- টাকা হারে ২৮ ক্রেডিট - ৬,১৬০/- টাকা।

ঘ। ২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ শিক্ষাবর্ষ (প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষে অনিয়মিত/মানোন্নয়ন বা অকৃতকার্য বিষয়ে পরীক্ষার জন্য)-প্রতি ক্রেডিট ২২০/- টাকা অর্থাৎ বিষয় প্রতি ০৪ ক্রেডিট×২২০= ৮৮০/- টাকা হারে পরিশোধযোগ্য।

৪। **নম্বরপত্র ফি।** শিক্ষার্থী প্রতি ৫০০ টাকা পরিশোধযোগ্য।

৫। **সাময়িক সনদপত্র ফি।** শিক্ষার্থী প্রতি ৫০০ টাকা পরিশোধযোগ্য **(শুধুমাত্র তৃতীয় বর্ষের পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)।**

৬। **কেন্দ্র ফি।** পরীক্ষার্থী প্রতি ৫০০/- (পাঁচশত) টাকা (উক্ত টাকা বিইউপিতে প্রেরণ করার প্রয়োজন নাই)।

## নিম্নোক্ত নিয়মাবলী অনুসারে ফরম ও ফি দাখিল করতে হবে

৭। পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষ কর্তৃক আবেদন পত্রের যথাস্থানে সঠিক পরীক্ষার্থীর ছবি নিশ্চিত করতে হবে।

৮। পরীক্ষার আবেদন ফরম ও প্রবেশপত্রে উল্লেখিত বিষয়/বিষয়গুলি ছাড়া অন্য কোনো বিষয়ে/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করলে সেই পরীক্ষার্থীর প্রদত্ত পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

৯। বিএ (পাস) আবেদন ফরম এবং সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহরসহ রোল বিবরণী, বিএসএস (পাস) আবেদন ফরম এবং সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহরসহ রোল বিবরণী পৃথক পৃথকভাবে খামে পাঠাতে হবে।

১০। ইতোমধ্যে যারা পাস করেছেন **(Degree Awarded)** তারা মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবেন না।

১১। বিএ (পাস) এবং বিএসএস (পাস) পরীক্ষার বিষয় এবং বিষয়কোডসমূহ:ঃ

| কোর্স কোড (আবশ্যিক বিষয়সমূহ) | |
|---|---|
| বিষয় | কোর্স কোড |
| বাংলাদেশ স্টাডিজ | ১০১ (১ম বর্ষ) |
| সমরবিদ্যা | ১০২ (১ম বর্ষ) |
| ইংরেজি | ২০১ (২য় বর্ষ) |
| বাংলা | ৩০১ (৩য় বর্ষ) |

| কোর্স কোড (নৈর্বাচনিক বিষয়সমূহ) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বিষয় | ১ম বর্ষ | | ২য় বর্ষ | | ৩য় বর্ষ | |
| | ১ম পত্র | ২য় পত্র | ৩য় পত্র | ৪র্থ পত্র | ৫ম পত্র | ৬ষ্ঠ পত্র |
| ইতিহাস | ১১১ | ১১২ | ২১১ | ২১২ | ৩১১ | ৩১২ |
| ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ১১৩ | ১১৪ | ২১৩ | ২১৪ | ৩১৩ | ৩১৪ |
| দর্শন | ১১৫ | ১১৬ | ২১৫ | ২১৬ | ৩১৫ | ৩১৬ |
| ভূগোল ও পরিবেশ বিজ্ঞান | ১১৭ | ১১৮ | ২১৭ | ২১৮ | ৩১৭ | ৩১৮ |
| মনোবিজ্ঞান | ১১৯ | ১২০ | ২১৯ | ২২০ | ৩১৯ | ৩২০ |
| সমাজবিজ্ঞান | ১২১ | ১২২ | ২২১ | ২২২ | ৩২১ | ৩২২ |
| সমাজকর্ম | ১২৩ | ১২৪ | ২২৩ | ২২৪ | ৩২৩ | ৩২৪ |
| রাষ্ট্রবিজ্ঞান | ১২৫ | ১২৬ | ২২৫ | ২২৬ | ৩২৫ | ৩২৬ |
| অর্থনীতি | ১২৭ | ১২৮ | ২২৭ | ২২৮ | ৩২৭ | ৩২৮ |
| গণিত | ১২৯ | ১৩০ | ২২৯ | ২৩০ | ৩২৯ | ৩৩০ |
| পরিসংখ্যান | ১৩১ | ১৩২ | ২৩১ | ২৩২ | ৩৩১ | ৩৩২ |
| ইসলামী শিক্ষা | ১৩৫ | ১৩৬ | ২৩৫ | ২৩৬ | ৩৩৫ | ৩৩৬ |

১২। পরীক্ষাকেন্দ্রসমূহ নিজ নিজ পরীক্ষার্থীগণের পরীক্ষা অংশগ্রহণের সকল প্রশাসনিক দায়িত্ব গ্রহণ করবে।

১৩। পরীক্ষার্থীকে পরীক্ষার হলে বিশ্বদ্যিালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র প্রদর্শন করতে হবে।

১৪। <u>পরীক্ষা পরিচালনা</u>। বিইউপি পরীক্ষা পরিচালনা বিধি অনুযায়ী পরীক্ষা পরিচালিত হবে। সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্র, কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা সংক্রান্ত কাজে ব্যয় করবে। বিইউপি হতে পরীক্ষার উত্তরপত্র ও আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান, উত্তরপত্র প্রেরণ ইত্যাদি ব্যয় কেন্দ্র ফি থেকে নির্বাহ করতে হবে।

মোহাম্মদ শরীফ হোসেন
লেফটেন্যান্ট কর্নেল
পক্ষে পরীক্ষা নিয়ন্ত্রক

২৩.০১.৯০২.৮৫৮.০৯.৭৮৬.৬১/১০/২০২৪

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩১
১৩ মে ২০২৪

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে অনুলিপি প্রেরণ করা হলো:**

সেনাসদর, জিএস শাখা, শিক্ষা পরিদপ্তর, ঢাকা সেনানিবাস
সদর দপ্তর ৭/৯/১০/১১/১৭/১৯/২৪/৩৩/৫৫/৬৬ পদাতিক ডিভিশন (জিএস শাখা)
সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া (জিএস শাখা)
এসিসিএন্ডএস, বগুড়া সেনানিবাস
এসিএন্ডএস, হালিশহর, চট্টগ্রাম
ইসিএসএমই, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর
এসটিসিএন্ডএস, যশোর সেনানিবাস
ইবিআরসি, চট্টগ্রাম সেনানিবাস
বিআইআরসি, রাজশাহী সেনানিবাস
এএসসিসিএন্ডএস, জাহানাবাদ সেনানিবাস, খুলনা
এএমসিসিএন্ডএস, শহীদ সালাউদ্দিন সেনানিবাস, ঘাটাইল, টাংগাইল
ওসিএন্ডএস, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর
ইএমইসিএন্ডএস, সৈয়দপুর সেনানিবাস, নীলফামারী
ইনফরমেশন, কমিউনিকেশন ও টেকনোলজি সেন্টার এ্যান্ড কলেজ, পিলখানা, ঢাকা
সদরদপ্তর বর্ডারগার্ড বাংলাদেশ অপারেশন ও প্রশিক্ষণ শাখা, প্রশিক্ষণ পরিদপ্তর পিলখানা, ঢাকা।
অফিস অব দি বিএ/বিএসএস প্রোগ্রাম, (বিউইপি)

মোহাম্মদ শরীফ হোসেন
লেফটেন্যান্ট কর্নেল
পক্ষে পরীক্ষা নিয়ন্ত্রক